দৈনিক জনকণ্ঠ

তারিখ 31 MAR 2017
পৃষ্ঠা ১৩ কলাম ৬

# স্টুডেন্টস কাউন্সিল নির্বাচনেও টাকার খেলা!

**নিজস্ব সংবাদদাতা, সান্তাহার, ৩০ মার্চ ।** বৃহস্পতিবার সারা দেশের মতো বগুড়ার সান্তাহার পৌর শহরসহ আদমদীঘি উপজেলার উচ্চ বিদ্যালয়সমূহে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। খুদে প্রার্থী ও ভোটারদের মধ্যে ছিল উৎসবমুখর প্রচার ও ভোট প্রদানের চিত্র। সকাল থেকে সব ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করে। খুদে প্রার্থী ও ভোটারদের মধ্যে ভোট কেনাবেচার চিন্তা না থাকলেও তাদের কিছু সংখ্যক অভিভাবকরা এই নির্বাচনটাকেও ইউনিয়ন, উপজেলা ও সংসদ ভোটের মতো টাকার খেলা তথা ভোট কেনাবেচার অসৎ কার্যক্রমে লিপ্ত হয়। ছেলে বা মেয়ে প্রার্থী হয়েছে; ভোটে জিততে না পারলে মান-সম্মানহানি হবে এ রকম অসৎ চিন্তা-চেতনা থেকে তারা ভোট কেনাবেচা করে। এতে করে সরকারের সৎ উদ্দেশ্য ব্যাহত হবে বলে নাম প্রকাশে অনিচ্ছুক কিছু কিছু শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা অভিমত ব্যক্ত করেছেন।